

জরুরি তথ্য চেয়ে মাউশির চিঠি

ইন্ডেক্স ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ১১ আগস্ট ২০২৫, ০১:৩০



জরুরি তথ্য চেয়ে শিক্ষাপ্রতিষ্ঠানে চিঠি দিয়েছে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি)। রোববার (১০ আগস্ট) এ চিঠি পাঠানো হয়েছে অধিদপ্তর থেকে। সব আঞ্চলিক পরিচালক ও বিদ্যালয় পরিদর্শন শাখার আঞ্চলিক উপ-পরিচালককে পাঠানো হয়েছে এ চিঠি।

 দৈনিক ইন্ডোফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

এতে শিক্ষাপ্রতিষ্ঠান থেকে জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ও আহত জুলাই যোদ্ধা সম্পর্কিত প্রবন্ধসহ অন্যান্য তথ্য পাঠানোর নির্দেশ দেওয়া হয়েছে। আগামী ২০ আগস্টের মধ্যে নির্ধারিত ই-মেইলে এ প্রবন্ধ পাঠাতে হবে।

মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের পারফরম্যান্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখার যুগ্ম সচিব বদরুল হাসান লিটনের ঠিকানায় পাঠাতে হবে এসব তথ্য।

চিঠিতে বলা হয়েছে, লেখার সঙ্গে প্রমাণ হিসেবে এ পর্যন্ত পত্রিকায় প্রকাশিত সংবাদ, ছবি, সরকারি গেজেট ও অন্যান্য প্রমাণক সংযুক্ত করতে হবে। ই-মেইলের ক্ষেত্রে স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।

এ ছাড়া প্রতিষ্ঠানপ্রধান, প্রতিষ্ঠানের সর্বোচ্চ সিনিয়র শিক্ষক এবং প্রবন্ধ লেখার সঙ্গে সংশ্লিষ্ট কমিটির সভাপতি- এই তিনজনের যৌথ স্বাক্ষরসহ প্রত্যয়নপত্র পাঠাতে হবে। সফটকপি নিকস বাংলা ১৪ ফন্টে ই-মেইলে (apa@moedu.gov.bd)-এ পাঠানোর পাশাপাশি ad-admin@dshe.gov.bd ই-মেইলে সিসি করে পাঠানোর জন্য সব আঞ্চলিক পরিচালক ও বিদ্যালয় পরিদর্শন শাখার আঞ্চলিক উপ-পরিচালককে নির্দেশ করা হয়েছে।